

16th Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

July 10, 2020

ভারত-চিন সীমান্ত সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয় সাধনের জন্য কার্যপ্রণালীর 16 তম বৈঠক।

জুলাই 10, 2020

ভারত-চিন সীমান্ত সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয় সাধনের জন্য কার্যপ্রণালী (ডবলিউ এম সি সি)- র 16 তম বৈঠক জুলাই 10, 2020 তারিখে আয়োজিত হয়েছিল। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছিলেন বিদেশ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (পূর্ব এশিয়া), অন্যদিকে চিনা প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন চিনা বিদেশ মন্ত্রণালয়ের সীমা এবং সামুদ্রিক বিভাগের মহা নির্দেশক।

2. উভয় পক্ষ 17 ই জুন 2020 তারিখের দুই বিদেশ মন্ত্রীর পারস্পরিক সহমত এবং 5 ই জুলাই 2020 তারিখে দুই বিশেষ প্রতিনিধির মধ্যে টেলিফোনে বাক্যালাপের সময় পারস্পরিক সহমতের কথা স্মরণ করেছেন। উভয়পক্ষ সহমত হয়েছেন যে, দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রটোকল অনুযায়ী সীমান্ত অঞ্চলে শান্তি এবং সুস্থিরতা সম্পূর্ণরূপে বজায় রাখার স্বার্থে বাস্তবিক সীমারেখা (এল এ সি) বরাবর সৈন্য সমাবেশ হ্রাস করাকে সুনিশ্চিত করবেন। তারা আরও সহমত হয়েছেন যে, দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক বিকাশের জন্য সীমান্ত এলাকাতে শান্তি ও স্থিরতা বজায় রাখা আবশ্যিক।

3. তাঁরা পশ্চিম অঞ্চলের এলএসি বরাবর সৈন্য সমাবেশ কমানোর এবং ভারত-চিন সীমান্ত এলাকার পরিস্থিতির উন্নতির জন্য এখন পর্যন্ত করা সকল রকমের উপায়ের পর্যালোচনা করেছেন। তাঁরা সহমত প্রকাশ করেছেন যে বরিশ্ত সেনা কমান্ডারদের মধ্যে যে পারস্পরিক সমঝোতা হয়েছিল সেটি উভয় পক্ষেরই আন্তরিকতার সাথে পালন করা আশু কর্তব্য। দুই বিশেষ প্রতিনিধির সহমত অনুযায়ী, নির্দিষ্ট সময়ের মধ্যে সেনা গতিবিধি কমানো এবং সৈন্য সমাবেশ সরিয়ে নেবার প্রক্রিয়া সম্পূর্ণ করাকে

সুনিশ্চিত করার জন্য বরিশত সেনা অধিনায়করা খুব শীঘ্রই বৈঠক করবেন এবং আলোচনাকে আরো অগ্রসর করবেন।

4. পরিস্থিতির দ্রুত সমাধানকে সুনিশ্চিত করার জন্য কূটনৈতিক এবং সামরিক উভয় স্তরে চালিয়ে যাওয়া আলোচনাকে এগিয়ে নিয়ে যাবার জন্য উভয় পক্ষই সহমত হয়েছেন। এই পরিপ্রেক্ষিতে অদূর ভবিষ্যতে ডবলিউএমসিসি-র আরেকটি বৈঠক করার জন্য তাঁরা সহমত ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

জুলাই 10, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.